

আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু
আল্লাহর নামে আরম্ভ করছি
.....
আর এসব কিছু এ জন্যে যে, তোমরা যা লাভ
করেছিলে তা অন্য কেউ কেন প্রাপ্য হবে, কিংবা
তোমাদের পালনকর্তার নামনে তোমাদের উপর
ভারা কেন প্রবল হয়ে যাবে! বলে দিন, মর্যাদা
আল্লাহরই হাতে; তিনি যাকে ইচ্ছা দান করেন
এবং আল্লাহ প্রাচুর্যময় ও সর্বজ্ঞ।
সূরা আল ইমরান ৭৩

দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

নতুন আঙ্গীকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানবের সিস্টেমটি
গ্যাম্বলার সিস্টেমটি
ইউপি নির্বাচনের তফসিল
চলতি মাসেই, এমপিওভুক্ত
শিক্ষকদের রাজনীতিতে 'না'
কীর্তনখোলা ডেস্ক
চলতি মাসের মধ্যেই ইউনিয়ন পরিষদ
(ইউপি) নির্বাচনের বহুল প্রতীক্ষিত
তফসিল ঘোষণা করার সিদ্ধান্ত নিয়েছে
নির্বাহন ২ এর পাতায় দেখুন

সেবা : ০২১১০০৬৬৬৬৬, ০২১১০২১১০২

বরিশাল ৥ সোমবার ৥ ০৭ সেপ্টেম্বর ২০২৬ ৥ ২৪ রবিঃ আউঃ ১৪৪৮ ৥ ২৪ ভদ্র ১৪৩৩ ৥ ৯ম বর্ষ ৥ ৯৪ সংখ্যা ৥ ৪ পৃষ্ঠা ৥ ৫ টাকা



**স্বাধীনতা ও সার্বভৌমত্বের
প্রশ্নে কোনো আপস হতে
পারে না: রাষ্ট্রপতি**
কীর্তনখোলা ডেস্ক
রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম
আলমগীর বলেছেন, প্রয়োজনে
জীবনের বিনিময়ে হলেও দেশ ও
দেশের ২ এর পাতায় দেখুন



**দেশের উন্নয়নে নারী ও
পুরুষের সমান অংশগ্রহণ
নিশ্চিত করতে হবে: স্পিকার**
কীর্তনখোলা ডেস্ক
বাংলাদেশ জাতীয় সংসদের স্পিকার
হাফিজ উদ্দিন আহমদ নীর বিক্রম
বলেছেন, জনসংখ্যাকে মানবসম্পদে
রূপান্তরিত ২ এর পাতায় দেখুন



**অপরাধীদের বন্ধু ভাবার কারণ
নেই, যেকোনো সময় ছোবল
মারতে পারে: চিফ প্রসিকিউটর**
কীর্তনখোলা ডেস্ক
অপরাধীদের বন্ধু ভাবার কারণ নেই
উল্লেখ করে আন্তর্জাতিক অপরাধ
ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর মো.
আমিনুল ২ এর পাতায় দেখুন



**ইউপি নির্বাচনের তফসিল
চলতি মাসেই, এমপিওভুক্ত
শিক্ষকদের রাজনীতিতে 'না'**
কীর্তনখোলা ডেস্ক
চলতি মাসের মধ্যেই ইউনিয়ন পরিষদ
(ইউপি) নির্বাচনের বহুল প্রতীক্ষিত
তফসিল ঘোষণা করার সিদ্ধান্ত নিয়েছে
নির্বাহন ২ এর পাতায় দেখুন

প্রত্যেক মানুষের মাথায় ১ লাখ ২৯ হাজার ২৩৯ টাকার ঋণ

কীর্তনখোলা ডেস্ক
বর্তমানে দেশের মানুষের মাথাপিছু ঋণের পরিমাণ ১ লাখ ২৯ হাজার ২৩৯ টাকারও বেশি বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। (রোববার (৬ সেপ্টেম্বর) জাতীয় সংসদের অধিবেশনে কুঠিরা-১ আসনের সংসদ সদস্য রেজা আহাম্মদের লিখিত প্রশ্নের জবাবে অর্থমন্ত্রী এ তথ্য জানান। অধিবেশনে সভাপতিত্ব করেন ডেপুটি স্পিকার ব্যারিস্টার কায়সার কামাল। সংসদ সদস্য রেজা আহাম্মদ অর্থমন্ত্রীর কাছে জানতে চান, 'বর্তমানে দেশের জনগণের মাথাপিছু ঋণের পরিমাণ কত, ২০২৬ সালে কত ছিল এবং ঋণের বোঝা কমাতে সরকার কী কী পদক্ষেপ গ্রহণ করেছে?' জবাবে আমির খসরু মাহমুদ চৌধুরী জানান, ৩১ মার্চ ২০২৬ পর্যন্ত দেশের জনগণের মাথাপিছু ঋণের পরিমাণ ১ লাখ ২৯ হাজার ২৩৯ দশমিক ১৯ টাকা। সরকার রাজস্ব আহরণ বৃদ্ধি, সরকারি অর্থের সঞ্চয় ও দক্ষ ব্যবস্থাপনা এবং ঋণ ব্যবস্থাপনাকে আরও সুশৃঙ্খল করার ওপর জোর দিয়ে বলেও জানান অর্থমন্ত্রী। এদিকে বাণেশ্বর-৪ আসনের সংসদ সদস্য মো. আব্দুল আলীমের এক প্রশ্নের জবাবে তিনি জানান, রাষ্ট্রীয় মালিকানাধীন ছয় ব্যাংকে খেলাপি ঋণের পরিমাণ ১ লাখ ৪৭ হাজার ৭৭৬ কোটি ৩৬ লাখ টাকা। এর মধ্যে সর্বোচ্চ খেলাপি ঋণ রয়েছে জনতা ব্যাংক পিএলসিতে। জনতা ব্যাংকের খেলাপি ঋণের পরিমাণ ৭৫ হাজার ৩৯৬ কোটি ৬৭ হাজার টাকা। এ বিষয়ে গত ৩০ জুনের হিসাব ভুলে ধরে অর্থমন্ত্রী আরও বলেন, অগ্রণী ব্যাংক পিএলসির খেলাপি ঋণের পরিমাণ ২৯ হাজার ২৯৬ কোটি ৬৭ লাখ টাকা, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক পিএলসির খেলাপি ঋণের পরিমাণ ৮ হাজার ৮৮ কোটি ৭৯ লাখ টাকা, বেসিক ব্যাংক পিএলসির খেলাপি ঋণের পরিমাণ ৮ হাজার ১০১ কোটি টাকা, রূপায়ী ব্যাংক পিএলসির খেলাপি ঋণের পরিমাণ ১৯ হাজার ২৮১ কোটি ৭৪ হাজার কোটি টাকা এবং সেনালাই ব্যাংক পিএলসির খেলাপি ঋণের পরিমাণ ১৫ হাজার ৪৮ কোটি ৩৯ হাজার টাকা।



ডেঙ্গু প্রতিরোধে দেশজুড়ে পরিচালিত কার্যক্রম জোরদারের নির্দেশ প্রধানমন্ত্রীর
কীর্তনখোলা ডেস্ক
ডেঙ্গুর বিস্তার ঠেকাতে জনগণকে সশস্ত্র করে দেশজুড়ে পরিষ্কার-পরিচ্ছন্নতা ও জনসচেতনতামূলক কার্যক্রম জোরদারের নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। রোববার (৬ সেপ্টেম্বর) বাংলাদেশ সচিবালয়ে ডেঙ্গু পরিস্থিতি ও করণীয় নিয়ে অনুষ্ঠিত এক সভায় প্রধানমন্ত্রী এসব নির্দেশনা দেন। সভায় প্রধানমন্ত্রী ডেঙ্গু প্রতিরোধে গুরুত্বপূর্ণ সরকারি সংস্থার ওপর নির্ভর না করে সাধারণ মানুষের অংশগ্রহণ বাড়ানোর বিষয়ে গুরুত্ব দেন। বাড়িঘর ও আশপাশ পরিষ্কার রাখা, জমে থাকা পানি অপসারণ, ময়লা-আবর্জনা পরিষ্কার এবং মশার প্রজননস্থল তৈরি হতে না দেওয়ার বিষয়ে মানুষকে আরও সচেতন করার কথাও বলেন তিনি। প্রধানমন্ত্রী পরিষ্কার-পরিচ্ছন্নতা ও সচেতনতামূলক কার্যক্রমে দুর্বোধ্য ব্যবস্থাপনা স্বেচ্ছাসেবকদের পাশাপাশি বিএনসিসি, রোভার স্কাউট ২ এর পাতায় দেখুন



বরিশাল সিটি করপোরেশনের হোল্ডিং ট্যাক্স কার্যক্রম এখন অনলাইনে
কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল সিটি করপোরেশনের হোল্ডিং ট্যাক্স কার্যক্রম এখন অনলাইনে পরিচালিত হবে। হোল্ডিং ট্যাক্স কার্যক্রম অনলাইনভিত্তিক করার লক্ষ্যে নগর ভবনে আয়োজিত অ্যাসেসমেন্ট ল্যাপটপসহ প্রয়োজনীয় বিভিন্ন সরঞ্জাম দিয়েছেন বরিশাল সিটি করপোরেশনের প্রশাসক আয়ডভোকেট বিলকিস আক্তার জাহান শিরীন। রোববার (৭ সেপ্টেম্বর) দুপুর ২টার দিকে কর্মকর্তা আহসান উদ্দিন রোমেল জানান ২ এর পাতায় দেখুন



ছেলের মৃত্যুর পরদিন না ফেরার দেশে যা
পটুয়াখালী প্রতিনিধি
ছেলের মৃত্যুর একদিন পরেই না ফেরার দেশে চলে পেলেন মা। এমনিই ঘটনা ঘটেছে পটুয়াখালী পৌরসভার ৫ নম্বর ওয়ার্ডের গার্লস স্কুল রোড এলাকায়। ওই নারীর নাম আলম আরা খান। রোববার (৬ সেপ্টেম্বর) দুপুর ১২টার দিকে পটুয়াখালী সদর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। তিনি মৃত আশরাফ আলী খানের স্ত্রী এবং প্রয়াত মুশফিকুর রহমান খান মামুদের মা। পরিবার ও স্থানীয় সূত্রে জানা যায়, শুক্রবার (৪ সেপ্টেম্বর) ভোরের দিকে হৃৎকেন্দ্রের ক্রিয়া বন্ধ হয়ে মারা যান আলম আরা খানের ছেলে মুশফিকুর রহমান খান মামুন। ছেলের মৃত্যুর পরদিনই গুরুতর অসুস্থ ২ এর পাতায় দেখুন

মা-বাবার বিরুদ্ধে ৮ মাসের সন্তান বিক্রির অভিযোগ

কীর্তনখোলা প্রতিনিধি
বালকাঠির কাঁঠালিয়ায় এক দম্পত্তির বিরুদ্ধে ৮ মাসের ছেলে সন্তানকে এক লাখ টাকায় বিক্রির অভিযোগ উঠেছে। গত বুধবার রাতে শিটটিকে হস্তান্তর করা হয়। রোববার দুপুরে বিষয়টি জানাজানি হয়। তবে শিটটির বাবা সোহাগ হাওলাদারের দাবি, লালন-পালনের জন্য তাকে এক নিঃসন্তান আত্মীয়ের কাছে দিয়েছেন। বিনিময়ে টাকা নেননি তিনি। সোহাগ হাওলাদার উপজেলার চৈচরী রামপুর ইউনিয়নের ৩ নম্বর ওয়ার্ডের দক্ষিণ চৈচরী গ্রামের বাসিন্দা। তাঁর বড় বোন গারলস বেসমের দেওয়া তথ্যমতে, সোহাগ ঢাকায় তৈরি পোশাক কারখানায় কাজ করতেন। তখন শরীয়তপুরের আলো বেসমকে বিয়ে করেন। এ দম্পত্তির ১০ বছর, পাঁচ বছর বয়সী দুই ছেলে ছিল। আলো বেসম আট মাস আগে আরেকটি ছেলের জন্ম দেন। স্থানীয় সুত্রগুলো জানায়, গত বুধবার রাতে ২ এর পাতায় দেখুন



বরিশাল ডায়াবেটিক সমিতির নব গঠিত কমিটির সভায় উপস্থিত বরিশাল সদর আসনের সংসদ সদস্য আড. মজিবুর রহমান সরোয়ারসহ সদস্যবৃন্দ
কীর্তনখোলা

প্রতি বছর বাড়ছে বরাদ্দ কমছে না বরিশালের মশা

কীর্তনখোলা রিপোর্ট
মশক নিধনে বরিশাল সিটি করপোরেশনের (বিসিসি) বরাদ্দ প্রতিবছরই বাড়ছে। কিন্তু নগরীর বিভিন্ন এলাকায় মশার উপদ্রব কমছে না। বরং পরিভ্রম জলাশয়, ডোবা, নর্দমা ও জমে থাকা পানিতে মশার প্রজননস্থল তৈরি হওয়ায় সন্ধ্যার পর অনেক এলাকায় বেড়ে যায় মশার উৎপাত। এতে বাড়ছে মশাবাহিত রোগের ঝুঁকিও। সিটি করপোরেশনের তথ্য বলছে, ২০২৪-২৫ অর্থবছরে মশক নিধনে কীটনাশক কেনার জন্য বরাদ্দ ছিল ৩ কোটি ৪ লাখ ২১ হাজার ৬০০ টাকা। ২০২৫-২৬ অর্থবছরে তা বেড়ে দাঁড়ায় কোটি ৮৩ লাখ ৪৫ হাজার ৪৫০ টাকা। আর চলতি ২০২৬-২৭ ২ এর পাতায় দেখুন

বরিশাল ডায়াবেটিক হাসপাতালে বিনামূল্যে চিকিৎসা ও সেবা দিবস উদযাপিত

কীর্তনখোলা রিপোর্ট
বাংলাদেশ ডায়াবেটিক সমিতির প্রতিষ্ঠাতা জাতীয় অধ্যাপক মরহুম ডা. মো. ইব্রাহিমের ৩৭তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে বরিশাল ডায়াবেটিক হাসপাতালে সেবা দিবস পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে রবিবার দিনব্যাপী আলোচনা সভা এবং বিনামূল্যে ডায়াবেটিস রোগ নির্ণয় ও পরীক্ষা কর্মসূচির আয়োজন করা হয়। বরিশাল আডভোকেট হেমায়েত উদ্দিন আহমেদ ডায়াবেটিক ও জেনারেল হাসপাতালে সকাল ৯টা থেকে বেলা ১১টা পর্যন্ত এই বিশেষ চিকিৎসা সেবা প্রদান করা হয়। এই সময়ে হাসপাতালের বিশেষজ্ঞ চিকিৎসকেরা আগত কয়েক শ' রোগীর বিনামূল্যে ডায়াবেটিস রোগ নির্ণয় এবং প্রয়োজনীয় স্বাস্থ্য পরীক্ষা করেন। ফিচা কেটে এই সেবামূলক কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করেন আমন্ত্রিত অতিথিরা। পরনতীতে আয়োজিত আলোচনা সভায় রূপান্তরিত অতিথি হিসেবে উপস্থিত ২ এর পাতায় দেখুন



ভোলায় মোটরসাইকেল চুরি: নদীপথে পালাবার সময় বরিশালে গ্রেফতার দুই
কীর্তনখোলা রিপোর্ট
ভোলার বোরহানউদ্দীন থেকে একটি ইয়ামাহা আর-১৫ মোটরসাইকেল চুরি করে নদীপথে নিয়ে পালিয়ে যাওয়ার চেষ্টাকালে দু'জনকে গ্রেফতার করেছে বরিশাল বন্দর থানা পুলিশ। মোটরসাইকেল চুরির পর ভুক্তভোগীর বড়ভাই 'জাতীয় জরুরি সেবা ৯৯৯'-এ কল করে পুলিশকে এ বিষয়ে জানালে পুলিশ তাত্ক্ষণিক প্রতিক্রিয়ায় মোটরসাইকেলটি উদ্ধারে ২ এর পাতায় দেখুন

মায়ের কবরের পাশে দুই শিশুর নির্বাক চাহনি দেখে কাঁদছে মানুষ

বাকেরগঞ্জ প্রতিনিধি
বাকেরগঞ্জের দুধল ইউনিয়নের পশ্চিম সরসী গ্রামের মিনারা বেগম ১৬ বছর আগে স্বামী নিজাম হাওলাদারকে হারিয়েছেন। স্বামীর মৃত্যুর পর অন্যের বাড়ি বাড়ি কাজ করে চার সন্তানকে দেখাশুড়া করিয়েছেন। মেজ মেয়ে মুক্তা ইসলামকে এইচএসসি পাশ করানোর পরে পাশের ইউনিয়ন দাড়িয়ারের সোহেলের সাথে পারিবারিকভাবে বিবাহ দেন। আট বছরের স্বামীর সংসারে মুক্তা দুই সন্তানের মা হলেও সেই স্বামীর হাতেই নৃশংসভাবে খুন হয়েছেন। মা মিনারা বেগম মেয়েকে হারিয়ে পাগল প্রায়, মেয়ের কবরের উপর বারবার শুয়ে পড়ে একটাই গুণ্ডু আর্তনাদ জানান, 'আমি আল্লাহর কাছে বিচার দিয়েছি ও আল্লাহ তুমি এই চোখের পানির বিচার তুমি করো ও আল্লাহ। মেয়ে হত্যার বিচার ফাঁসির দাবি জানিয়ে বারবার জ্ঞান হারিয়ে ফেলেন কবরের উপরে শুয়ে পড়ে। সন্তান হারা মা মিনারা গেমগেমের আর্তনাদ দেখে আকাশ বাতাস যেন ভারী হয়ে উঠেছে। মুক্তা ইসলামের মা মিনারা বেগম বলেন, যৌতুকের টাকা না পেয়ে পরকীরার সম্পর্কের অভিযোগ তুলে তার মেয়েকে নির্ধারিত ও পিটিয়ে হত্যা করে স্বামী সোহেল সিদ্দিকার। আর এই হৃদয়বিদারক ঘটনাটি ঘটেছে ২ এর পাতায় দেখুন



শত শত শিক্ষকের শিক্ষক, সচিব বাহাদুর প্রখ্যাত বাংলা ভাষাপটতি ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রাহ্মচৈয় কলেজ, বাংলা বিভাগের সাবেক শিক্ষার্থী প্রবীণ এবং বাংলাদেশ মন্ত্রণালয় শিক্ষাবোর্ডের সাবেক সচিব পটীক সিদ্দিক

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রোগ্রামের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পটীক, সরকারি আদেলবাজার কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা

পথিক মোস্তফা (এমফিল, ইবি)

বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:

01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিল্লা সদর চৌক, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি সদর চৌক, বরিশাল 01711-264963	অংকুর লাইব্রেরি সদর চৌক, বরিশাল 01708-868515	অংকুর লাইব্রেরি সদর চৌক, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সদর চৌক, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সদর চৌক, বরিশাল 01763-107720	রহমান বুক হাউজ সদর চৌক, বরিশাল 01718-670945	মজুমদার লাইব্রেরি সদর চৌক, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি সদর চৌক, বরিশাল 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি সদর চৌক, বরিশাল 01726-074663	হুক লাইব্রেরি সদর চৌক, বরিশাল 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি সদর চৌক, বরিশাল 01717-488083



বরিশালে অস্বাস্থ্যকর পরিবেশে খাবার বিক্রি, চারটি প্রতিষ্ঠানকে জরিমানা
কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল নগরের সোমামিয়ার পোল এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাবার তৈরি ও বিক্রি এবং বিভিন্ন অনিয়মের দায়ে চারটি প্রতিষ্ঠানকে জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত। রোববার দিনব্যাপী বরিশাল সিটি করপোরেশনের (বিসিসি) নির্বাহী ২ এর পাতায় দেখুন

এসএসসি পুনঃনিরীক্ষণে রেকর্ড আবেদন, ফল ১০ সেপ্টেম্বর

কীর্তনখোলা ডেস্ক
এসএসসি ও সমমান পরীক্ষার ফল প্রকাশের পর এবার রেকর্ডসংখ্যক উত্তরপত্র পুনর্নিরীক্ষণের আবেদন করেছেন শিক্ষার্থীরা। ১১টি শিক্ষা বোর্ডে মোট ৪ লাখ ২ হাজার ৫১ জন পরীক্ষার্থী পুনর্নিরীক্ষণের আবেদন করেছেন। তারা একাধিক বিষয়ের খাতা চ্যালেঞ্জ করায় মোট আবেদন জমা পড়েছে ১২ লাখ ৮৭ হাজার ৯২৬টি। শিক্ষা বোর্ডের ঘোষণা অনুযায়ী, আগামী ১০ সেপ্টেম্বর ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য বালকাঠি জেলা: নলছিটি, রাজাপুর, পটুয়াখালী জেলা: তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, পিরোজপুর জেলা: নাগরপুর, নেছারাবাদ ও বরিশাল জেলা: উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আবশ্যক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাশ হতে হবে। আত্মহারা পত্রিকার ইমেইলে জীবনব্যবস্তুসহ আবেদন করুন।
-মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

বীরেন্দ্রনাথগা

আত্মজীবনী গ্রন্থিখণ্ড

মাছের সংকট, বাড়ছে

চর মানিকা ও আহাম্মদপুরসহ বিভিন্ন এলাকার অনেক জেলে জানান, মাছ ধরার মৌসুম ভালো গেলে কোনোভাবে সংসার চলে এবং খণের কিস্তিও পরিশোধ করা সম্ভব হয়। কিন্তু মাছের পরিমাণ কমে যাওয়ায় এখন অনেক জেলেকেই লোকসান গুনতে হচ্ছে। জেলেরা জানান, কয়েক বছর আগেও নদীতে একবার জাল ফেলেলে যে পরিমাণ মাছ পাওয়া যেত, এখন তার জন্য কয়েক দিন অপেক্ষা করতে হয়। অনেক সময় ট্রলারের জ্বালানি খরচ ও শ্রমের তুলনায় মাছ বিক্রি করে পাওয়া অর্থও কম হয়। আয় না থাকায় খণের কিস্তি পরিশোধ করাও কঠিন হয়ে পড়ছে। নুরাবাদ ইউনিয়নের জেলে সামসুদ্দিন বলেন, “এখন অনেক সময় সারা দিন-রাত জাল ফেলেও তেমন মাছ পাই না। মাছ না থাকলে খণের কিস্তির টাকা কোথা থেকে দেব, এটাই এখন বড় চিন্তা।” জেলেনদের অনেকেই মাছ ধরার ট্রলার, জাল ও প্রয়োজনীয় সরঞ্জাম কিনতে মহাজন, এনর্জিও কিংবা স্থানীয় সমিতি থেকে খণ নিয়েছেন। এখন মাছ কম পাওয়ায় খণের কিস্তি পরিশোধে হিমশিম খেতে হচ্ছে তাঁদের। কেউ কেউ পুরোনো খণের কিস্তি পরিশোধ করতে নতুন করে খণ নিচ্ছেন। এতে এক খণ পরিশোধ করতে গিয়ে আরেক খণের বোঝা বাড়ছে। সামরাজ মন্স্যা ঘাটের সভাপতি আজিজ পাটওয়ারী বলেন, বর্তমানে নদী ও সাগরে মাছ কমেছে। এতে জেলেনদের আয়ও কমেছে। তাঁরা সংসার চালাতে মহাজন ও সমিতি থেকে খণ নিয়ে থাকেন। উপজেলা মন্স্যা অফিসের তথ্য মতে, এই উপজেলায় নিশ্চিহ্ন ও অনিবাঙ্কিত মিলিয়ে জেলের সংখ্যা লাখাধিক। এদের মধ্যে সরকারি নিবাঙ্কিত জেলে রয়েছেন ৪৪ হাজার ৩১১ জন। সমুদ্রগামী জেলে রয়েছেন ১৭ হাজার ৫৬১ জন। সমুদ্রগামী জেলে ট্রলার রয়েছে ১ হাজার ৩৬৫টি। উপজেলা সিনিয়র মন্স্যা কর্মকর্তা জয়ন্ত কুমার অণু বলেন, সরকার প্রতিবছরই জেলেনের জন্য ভিজিএফ চাল বরাদ্দ রেখেছেন এবং সেই বরাদ্দ থেকে জেলেনদের প্রাপ্য বুঝিয়ে দেওয়া হয়। তবে নদী ও সাগরে মাছ অনেকটাই কমেছে। জেলেরা তাঁদের আয়ের তুলনায় ব্যয়ের হিসাব মেলাতে পারছেন না। ফলে অনেক জেলেই খণের সঙ্গে জড়িয়ে পড়ছেন।’

গাছ কাটতে গিয়ে ৩০

ওপরে ওঠেন তিনি। এ সময় অসাবধানতাবশত পিঙ্গলে নিচে পড়ে গুরুতর আহত হন। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে ডোলা ২৫০ তায় ফোনোরে হাসপাতালে নিয়ে যান। সেখানে কর্তৃপক্ষের চিকিৎসক তার অবস্থা আশঙ্কাজনক হওয়ায় উন্নত চিকিৎসার জন্য বাগিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ (শেবাচিম) হাসপাতালে রেফার করেন। তবে বরিশালে নেওয়ার পথে তার মৃত্যু হয়। ডোলা সন্নর হাসপাতালের জরুরি বিভাগের চিকিৎসক ডা. নয়ন চন্দ্র রায় জানান, নিহতের মাথায় গুরুতর আঘাতের চিহ্ন ছিল। মস্তিষ্কে অতিরিক্ত রক্তক্ষরণের কারণে তার মৃত্যু হয়েছে। নিহতের বড় ছেলে সুমন বলেন, ‘আমার বাবা ছিলেন আমাদের পরিবারের একমাত্র উপার্জনমূলক ব্যক্তি। তার আয়েই আমাদের সংসার চলত। এখন বাবা মারা যাওয়ায় আমরা এক্রি হয়ে গেলাম, আমরা মা বিধবা হলেম। এখন কে আমাদের সংসার চালাবে? বাবার মৃত্যুতে আমাদের সামনে অন্ধকার নেমে এসেছে।’ গাছ থেকে পড়ে ওয়াালী উল্লেখ্যর মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন তার প্রতিবেদী অজ্বর রায়। ইলিশা পুলিশ ফাঁড়ির ইনচার্জ বশীরা আহমেদ জানান, গাছ থেকে পড়ে ওয়াালী উল্লেখ্য নামে এক ব্যক্তির মৃত্যুর বিষয়টি নিশ্চিত হওয়া গেছে। পরিবারের পক্ষ থেকে কোনো অভিযোগ দেওয়া হলে বিষয়টি তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

রাজাপুরে গাঁজাসহ যুবক

রাজাপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) রিফাত আরা মৌরি ঘটনাস্থলে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন। আদালত মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের সংশ্লিষ্ট ধারায় শাসনকে ছয় মাসের বিনামূল্য কারাদণ্ড ও ৫০০ টাকা অর্থদণ্ড দেন। উপজেলা নির্বাহী কর্মকর্তা রিফাত আরা মৌরির বলেন, মাদকের বিরুদ্ধে প্রশাসনের অভিযান অব্যাহত থাকবে। মাদক নির্মূলে নিষিদ্ধ অভিযান ও ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হচ্ছে। ভ্রাম্যমাণ আদালতে দণ্ডিত হওয়ার পর রাতেই থানা পুলিশের সহায়তায় শানকৈকে ঝালকাঠি জেলা কারাগারে পাঠানো হয়েছে।

মধ্যপ্রাচ্য থেকে তেল

ব্রেকের দাম ৭ দশমিক ৬ শতাংশ এবং যুক্তরাষ্ট্রের অপরিশোধিত তেলের দাম প্রায় ১০ শতাংশ বেড়েছে। সংবাদমাধ্যম আল জাজিরা বলছে, চলতি বছরের জানুয়ারি ও ফেব্রুয়ারির তুলনায় আগস্টে তেলের দামে ৬৯ শতাংশ কমেছে। ওই এই মাসে প্রতিদিন গড়ে প্রায় ১ কোটি ৮৫ লাখ বারেল অপরিশোধিত তেল রপ্তানি হয়েছিল বলে জানিয়েছে তেলবাহী জাহাজ চলাচল পর্যবেক্ষণকারী প্রতিষ্ঠান ট্যাংকট্র্যাডারকা। প্রতিষ্ঠানটি এগে দেয়া এক পোস্টে জানিয়েছে, চলতি বছরের মে মাসে মধ্যপ্রাচ্য থেকে তেল রপ্তানি সবচেয়ে বেশি কর্মেছিল। ওই মাসে যুদ্ধ ঝগর আরম্ভের সময়ের তুলনায় তেল রপ্তানি ৬৭ শতাংশ কমে যায়। তবে আগস্টে এই ঘাটতি কিছুটা কমে এসেছে। মে মাসে দৈনিক ১ কোটি ২৪ লাখ বারেল ঘাটতির তুলনায় আগস্টে ঘাটতি কমে দাঁড়িয়েছে ৭২ লাখ বারেলে। হরমুজ প্রণালি বন্ধ থাকায় কয়েক দশকের মধ্যে সমুদ্রপথে অন্যতম বড় পন্য পরিবহন সংকট তৈরি হয়েছে। এর মধ্যেই মধ্যপ্রাচ্য থেকে তেল রপ্তানি কমে যাওয়ার ঘটনা ঘটেছে। এদিকে যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে নতুন করে সামরিক সংঘর্ষ শুরু হওয়ায় বিশ্ববাজারে তেলের দাম বেড়েছে বলে জানিয়েছে বার্তাসংস্থা রয়টার্স। এর মধ্য দিয়ে গত সপ্তাহটি উল্লেখযোগ্য মূল্যবৃদ্ধির মধ্য দিয়ে শেষ হয়েছে। একই সময়ে যুক্তরাষ্ট্রে খুচরা ডিজেলের দামও রেকর্ড উচ্চতায় পৌঁছেছে। গত গুজবার ব্রেক্ট অয়েনের দাম প্রতি বারেল ৯৬ দশমিক ২৮ ডলারে স্থির হয়েছে, যা আগের দিনের তুলনায় ৭৬ সেন্ট বা শূন্য দশমিক ৮ শতাংশ বেশি। অন্যদিকে যুক্তরাষ্ট্রের ওয়েস্ট টেক্সাস ইন্টারমিডিয়েট (ডব্লিউটিআই) অপরিশোধিত তেলের দাম ১৮ সেন্ট বা শূন্য দশমিক ২০ শতাংশ বেড়ে প্রতি বারেল ৯১ দশমিক ৪৮ ডলারে দাঁড়িয়েছে। এতে করে পুরো সপ্তাহে ব্রেক্টের দাম বেড়েছে ৭ দশমিক ৬ শতাংশ। আর যুক্তরাষ্ট্রের অপরিশোধিত তেলের দাম বেড়েছে প্রায় ১০ শতাংশ। যুদ্ধের কারণে মধ্যপ্রাচ্যের তেল সরবরাহের পথগুলোতে চলাচল এখনো ব্যাহত হওয়ায় এই মূল্যবৃদ্ধি হয়েছে। তেলের দাম বাড়ার পাশাপাশি জ্বালানির দাম আরও দ্রুত বাড়ায় বিশ্বজুড়ে মূল্যস্ফীতি ও সরকারের খণ ন্যেয়ার খরচ বেড়েছে। এতে কোনো ধরনের সস্তি না এয়ে বৈশ্বিক অর্থনৈতিক প্রবৃদ্ধি কমে যাওয়ার আশঙ্কাও আরও বেড়েছে। রিফ্রািড এনার্জির প্রধান অর্থনীতিবিদ রুদিও গার্লবার্গ বলেন, ‘অর্থনীতির সব খাউই ডিজেলের ওপর নির্ভরশীল। যুক্তরাষ্ট্র সরকারি বছর দুপুরের হাণ এত বেশি হওয়ার একটি কারণ হলো, মূল্যস্ফীতি আরও বাড়তে থাকবে—এমন আশঙ্কা।’ যুক্তরাষ্ট্র ও ইরানের নতুন করে সংঘাত এবং রাশিয়ার তেল শোধনাগারগুলোতে ইউক্রেনের হামলার কারণে সরবরাহে আরও বিঘ্ন ঘটছে। এর ফলে যুক্তরাষ্ট্রে ডিজেলের গড় খুচরা দাম রেকর্ড উচ্চতায় উঠেছে। এ।এএ-র তথ্য অনুযায়ী, বর্তমানে দেশটিকে এক গ্যালন ডিজেলের গড় দাম ৫ দশমিক ৮৫ ডলার। মজুত দ্রুত কমে যাওয়ায় এবং যুক্তরাষ্ট্রের বিভিন্ন কৃষিপ্রধান অঙ্গরাজ্যে ফসল কাটার ও বীজ বপনের মৌসুম শুরু হওয়ায় ডিজেলের দাম আরও বাড়তে পারে। কৃষিকাজের যন্ত্রপাতিতে ডিজেলে প্রধান জ্বালানি হিসেবে ব্যবহৃত হয়। শীত ঘনিয়ে আসায় এর সমতুল্য কৃষিচাচরস চুক্তি হিটিং অয়েলের দামও দ্রুত বেড়েছে। এ পরিষ্টিভিতে চলতি বছরের তৃতীয় প্রান্তিকে ব্রেক্টের গড় দামের পূর্বাভাস বাড়িয়েছে সিটি গ্রুপ। প্রতি বারেল ৮০ ডলার থেকে বাড়িয়ে তা ৮৬ ডলার করা হয়েছে। প্রতিষ্ঠানটির মতে, হরমুজ প্রণালি খুলতে আগের ধারারত চেয়ে বেশি সময় লাগছে। অন্যদিকে, এএনজেক্টের বিশ্লেষকেরাও স্বল্পমেয়াদে ব্রেক্টের দামের পূর্বাভাস বাড়িয়ে প্রতি বারেল ৯৫ ডলার করেছে। মধ্যপ্রাচ্যের সংঘাত আরও তীব্র হলে তেলের দাম আরও বাড়তে পারে বলেও সতর্ক করেছেন তারা।

বানারীপাড়ার চাখারে জাতীয় ইমাম

অতিথি ছিলেন বরিশাল জেলা জাতীয় ইমাম সমিতির সভাপতি মুফতি মাওঃ ডাক্তার এম এ হালাম, বিশেষ অতিথি ছিলেন জেলা জাতীয় ইমাম সমিতির তৃদায়র সম্পাদক মাওঃ মোঃ ইসমাইল হোসাইন, জাতীয় ইমাম সমিতির নির্বাহী কমিটির সবেক সভাপতি রহমম আব্দুল জব্বার চাখারীর বড় ছেলে মোঃ শহিদুন্ ইসলাম। এ সময় আনন্দের মধ্যে বক্তব্য রাখেন জাতীয় ইমাম সমিতির বানারীপাড়া উপজেলা সভাপতি হাফেজ মাওঃ মোঃ নুরে নূহ,বিশিষ্ট ইসলামী চিন্তাবিদ মাওঃ রফিকুল ইসলাম, মাওঃ রফিকুল ইসলাম মাসুম, মাওঃ রেদওয়ারুল করিম,চাখার দরবার মজলি আলিম মাদ্রাসার অধ্যাপা মাওঃ মোঃ সাদাউল্লাহ,বাকপুর ইউনিয়ন জাতীয় ইমাম সমিতির সভাপতি, মাওঃ মোঃ মলিনজামান, হাফেজ মোঃ ইব্রাহিম,হাফেজ মোঃ ইয়াসিন, হাফেজ মোঃ তরিকুল ইসলাম, ইমাম মাওঃ মোঃ ইকবাল হোসেন,মাওঃ মোঃ আবুল হোসাইন প্রমুখ। সম্মেলনে চালিতাবাড়ি কেন্দ্রীয় জামে

মসজিদেই ইমাম মাওঃ মোঃ কাওসার হোসেন’কৈ বিদ্যায়ী সধর্ধনা দেয়া হয়।

হিজলায় আন্তঃজেলা ডাকাট

১টি অস্ত্র মামলা, মাদক মামলাসহ সর্বমোট ১১টি মামলা চলমান রয়েছে। এছাড়াও পুলিশের বিশেষ অভিযানে ২০ পিস ইয়াবা ট্যাবলেট ও ২০ গ্রাম গাঁজাসহ ৩ জন মাদক ব্যবসায়ী ও ২ জন মাদক সেবনকারী গ্রেফতার করা হয়েছে। মাদক আইনে নিয়মিত মামলা দিয়ে জেল হাজতে প্রেরণ করা হয়েছে। মাদক সেবনকারী ২ জনকে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে ৭ দিনের কারাদণ্ড প্রদান করা হয়েছে। হিজলা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. সোলাইমান জানান, আদালত থেকে তার গ্রেফতারি পরোয়ানা ছিল। গ্রেফতারের পর তাকে আদালতে পাঠানো হয়েছে।

ঝালকাঠিতে ইয়াবাসহ চাল

সংবাদেের ভিত্তিতে জাফর মানশনে অভিযান চালায় গোয়েন্দা পুলিশ। এ সময় ভবনটির তৃতীয় তলার একটি কক্ষে অভিযান চালিয়ে সজীব সাহাকে আটক করা হয়। পরে তার কাছ থেকে ১৩ পিস ইয়াবা ট্যাবলেট জব্দ করা হয়। এ ঘটনায় গোয়েন্দা পুলিশের উপপরিদর্শক তারিফুল ইসলাম বাদী হয়ে সজীব সাহার বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে ঝালকাঠি সদর থানায় মামলা করেন। মামলায় গ্রেফতার দেখিয়ে রোববার সকালে সজীব সাহাকে আদালতে পাঠিয়েছে ঝালকাঠি সদর থানা পুলিশ। আটক সজীব সাহা ঝালকাঠি শহরের ডাক্তার পণ্ডি সড়কের বাসিন্দা অমল চন্দ্র সাহার ছেলে।

ভালো কাজের স্বীকৃতি

নিশ্চিত করার ওপর রক্তচাপের পরীক্ষা করা হয়। সভায় পুলিশ সদস্যদের শৃঙ্খলা ও নৈতিকতা বজায় রেখে দায়িত্ব পালনের পাশাপাশি জনসাধারণের সঙ্গে আরও মানবিক ও দায়িত্বশীল আচরণের নির্দেশনা দেওয়া হয়। দেশপ্রেম, পেশাদারিত্ব, নিষ্ঠা ও সততার সঙ্গে দায়িত্ব পালন করে জনগণের আস্থা অর্জনের জন্য পুলিশ সদস্যদের প্রতি আহ্বান জানান পুলিশ সুপার। সভা শেষে দায়িত্ব পালনে বিশেষ অরদান ও ভালো কাজের স্বীকৃতিস্বরূপ বিভিন্ন পুলিশ সদস্যকে পুরস্কৃত করা হয়। এ সময় অতিরিক্ত পুলিশ সুপার (মহাবিদ্যা সার্কেল) পার্থ চক্রবর্তী (পিপিএম), জেলার বিভিন্ন থানার অফিসার ইনচার্জ, ট্রাফিক ইনচার্জ, কোর্ট ইন্সপেক্টর, রিজার্ভ ইন্সপেক্টর (আরআই), রিজার্ভ অফিসের কর্মকর্তা, সিভিল স্টাফসহ জেলা পুলিশের বিভিন্ন পর্যায়ের সদস্যরা উপস্থিত ছিলেন।

পরিভ্রাঙ্ক সাবমেরিন ক্যাবল উন্টোলন

সূত্রি, মাদকবিরোধী প্রচারণা, চুরি-ছিনতাই প্রতিরোধসহ বিভিন্ন সামাজিক ও সেবামূলক কর্মকাণ্ড পরিচালনা করে আসছেন। এর মধ্যে বৃক্ষরোপণ, পরিভ্রাঙ্ক বর্জ্য অপসারণ ও তেস্ত্র প্রতিবেদন সচেতনতামূলক কার্যক্রমও রয়েছে। তিনি জানান, বরিশাল রূপান্তরী গ্যাষ্টারবাইন সংলগ্ন হাভিড্ড মিলের পাশ থেকে নদীর তলদেশে দিয়ে একটি বিদ্যুৎ সংযোগ সাবমেরিন ক্যাবলের মাধ্যমে স্থাপন করা হয়েছিল। বর্তমানে লাইটিং পরিভ্রাঙ্ক অবস্থায় রয়েছে বলে তাদের কাজে তথ্য রয়েছে। ক্যাবলটি দীর্ঘদিন ধরে পরিভ্রাঙ্ক থাকায় সেখান থেকে ক্যাবল চুরির অভিযোগও পাওয়া যায়ছিল। বক্তব্যে আবুল বাশার বলেন, বিষয়টি সংশ্লিষ্টদের নজরে আনার পর তিনি প্রথমে পল্লি বিদ্যুৎ সমিতি-১এর জিএমের সঙ্গে যোগাযোগ করেন। তবে সংশ্লিষ্ট সমিতি-১এর এলাকায় তাদের কোনো লাইন থাকার বিষয়টি জানেন না বলে জানান। পরে তিনি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করেন তারা ক্যাবলটি আগে তাদের ছিল এবং পরবর্তীতে পল্লী বিদ্যুৎ সমিতির কাছে হস্তান্তর করা হয়েছে বলে জানান। এরপর তিনি পুনরায় পল্লি বিদ্যুৎ সমিতি-১এর দপ্তরভাী কার্যালয়ে গিয়ে ক্যাবলটি উন্টোলনের অনুমতিসহ করেন। এ সময় জিএম সংশ্লিষ্ট কর্মকর্তাদের সঙ্গে আলোচনা করে ক্যাবল উন্টোলনের উদ্যোগ নেন বলে সদস্য সম্মেলনে দাবি করা হয়। সংগঠনের পক্ষ থেকে জানানো হয়, গত ২৯ আগস্ট সরকার পল্লী বিদ্যুৎ সমিতির কর্মকর্তা মো. বরিকুমারহ কয়েকজন কর্মকর্তা ও ভূতুরি ঘটনাস্থলে গিয়ে নদীতে ক্যাবলটির সন্ধান করেন। বেলা ২টা পর্যন্ত এ কার্যক্রম চলে। এ সময় সংগঠনের প্রতিনিধি ও স্থানীয় লোকজনও উপস্থিত ছিলেন। পরে লাঞ্ছ বিবতির পর কার্যক্রম রবিবার পর্যন্ত স্থগিত করা হলে তারা ঘটনাস্থল ত্যাগ করেন। সংবাদ সম্মেলনে আরও অভিযোগ করা হয়, ৩০ আগস্ট রাত আনুমানিক ২টার দিকে স্থানীয় এক মাছ ধারার নৌকার মাঝি মাছ ধরতে যাওয়ার সময় নদীর পূর্ণ পানয়ে দুটো সিলবন্ড ট্রলার ও একটি বাসু কাটার ড্রল্লার দেখতে পান। সেখানে প্রায় ২০ থেকে ২২ জনের একটি সংঘবদ্ধ দল বাসু ক্রেটা নদীর তলদেশ থেকে ওই ক্যাবল উন্টোলনের চেষ্টা করছিল বলে দাবি করা হয়। সংগঠনের পক্ষ থেকে বলা হয়, বিষয়টি নিয়ে প্রকাশিত সংবাদে প্রবৃত্ত তথ্যের ঘাটতি রয়েছে। এ কারণে সংশ্লিষ্ট সংবাদে সংগঠন ও তাদের কর্মকাণ্ড সম্পর্কে কোনো বিভ্রান্তি সৃষ্টি হয়ে থাকলে তার প্রতিবাদ জানানো হয়। একই সঙ্গে নদীর তলদেশে থাকা পরিভ্রাঙ্ক ক্যাবল উন্টোলন, এর মালিকানা ও উন্টোলন প্রক্রিয়া সম্পর্কে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মাধ্যমে প্রয়োজনীয় তদন্ত করে প্রকৃত ঘটনা উদ্‌ঘাটনের দাবি জানানো হয়। সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন পরিবেশ বিপর্যয় প্রতিরোধ আন্দোলন বাংলাদেশ (ইউপিএএবি) এর প্রধান উদ্দেশী আদমুল জলিল, সিনিয়র সহ-সভাপতি হারুন অর রহিদ, সাধারণ সম্পাদক ফারুক মুন্সি, মোহাম্মদ আবুল বাশার, কাশিয়ার মামুন খান, হাফিজ নওবা শারোয়ার, মোতালেব শিকদার, আনিবুর রহমান খান, শহিদুল, চিরা প্রমুখ। এছাড়াও সংগঠনের অন্যান্য সদস্যবৃন্দ, স্থানীয় গণ্যমান্য ব্যক্তি ও বিভিন্ন গণমাধ্যমের সাংবাদিকরা উপস্থিত ছিলেন।

উজিরপুরে বিএনপির

এবং ইউনিয়ন বিএনপির সদস্য ও ৯ নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি মো.আবু বকর সিদ্দিক। শনিবার যাকরত প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, অভিযুক্ত দুই নোভা উজিরপুর জঞ্জলা ও সাংগঠনিক বিবিধান দল ছাড়া করে দলীয় কার্যালয়ে বসে সভাপতি ও সাধারণ সম্পাদকের ঘোয়ার দখল করে বসেন। এছাড়া সিনিয়র নেতাদের নিয়ে অশালীন ও আপত্তিকর মন্তব্য, নেতাদের বিরুদ্ধে বিবাস্তিকার আচরণ এবং বিভিন্ন দলবিরোধী কর্মকাণ্ডে দলীয় পূর্ণ পানয়ে দুটো সিলবন্ড ট্রলার ও একটি বাসু কাটার ড্রল্লার দেখতে পান। সেখানে প্রায় ২০ থেকে ২২ জনের একটি সংঘবদ্ধ দল বাসু ক্রেটা নদীর তলদেশ থেকে ওই ক্যাবল উন্টোলনের চেষ্টা করছিল বলে দাবি করা হয়। সংগঠনের পক্ষ থেকে বলা হয়, বিষয়টি নিয়ে প্রকাশিত সংবাদে প্রবৃত্ত তথ্যের ঘাটতি রয়েছে। এ কারণে সংশ্লিষ্ট সংবাদে সংগঠন ও তাদের কর্মকাণ্ড সম্পর্কে কোনো বিভ্রান্তি সৃষ্টি হয়ে থাকলে তার প্রতিবাদ জানানো হয়। একই সঙ্গে নদীর তলদেশে থাকা পরিভ্রাঙ্ক ক্যাবল উন্টোলন, এর মালিকানা ও উন্টোলন প্রক্রিয়া সম্পর্কে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মাধ্যমে প্রয়োজনীয় তদন্ত করে প্রকৃত ঘটনা উদ্‌ঘাটনের দাবি জানানো হয়। সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন পরিবেশ বিপর্যয় প্রতিরোধ আন্দোলন বাংলাদেশ (ইউপিএএবি) এর প্রধান উদ্দেশী আদমুল জলিল, সিনিয়র সহ-সভাপতি হারুন অর রহিদ, সাধারণ সম্পাদক ফারুক মুন্সি, মোহাম্মদ আবুল বাশার, কাশিয়ার মামুন খান, হাফিজ নওবা শারোয়ার, মোতালেব শিকদার, আনিবুর রহমান খান, শহিদুল, চিরা প্রমুখ। এছাড়াও সংগঠনের অন্যান্য সদস্যবৃন্দ, স্থানীয় গণ্যমান্য ব্যক্তি ও বিভিন্ন গণমাধ্যমের সাংবাদিকরা উপস্থিত ছিলেন।

সড়ক যেন ধানের ক্ষেত! গর্তে

কাদামাটির রাস্তায় পরিণত হয়েছে। এতে সড়ক দুর্টিত ওপর নির্ভরশীল প্রায় পাঁচটি গ্রামের বাসিন্দাদের চরম দুর্ভোগে পোহাতে হচ্ছে। দীর্ঘদিন ধরে চলাচলের অনুপযোগী হয়ে থাকলেও সড়ক দুটি সংকারে দুশামান্য উদ্যোগ না থাকায় স্থানীয়দের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়েছে। সেই ক্ষোভ থেকেই রোববার সকালে কাদাপানি ও থানায়খনে ভরা সড়ককে বিভিন্ন স্থানে ধানের চারা রোপণ করে প্রতিবাদ করা হয়েছে। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, দীর্ঘদিন ধরে সড়ক দুটি কেবল অবস্থায় পড়ে থাকলেও সংস্কার বা উন্নয়নে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের ভেমন কোনো উদ্যোগ দেখা যায়নি। এর মধ্যে বর্ষা মৌসুমে পরিস্থিতি আরও ভয়াবহ আকার ধারণ করেছে। বৃষ্টির পানি ও কাদা জমে থাকায় সড়ক দিয়ে যাবাবিকভাবে চলাচল করা কঠিন হয়ে পড়েছে। বিশেষ করে শিক্ষার্থী ও সাধারণ পথচারীদের যাতায়াতে চরম দুর্ভোগ পোহাতে হচ্ছে।

জরুরি প্রয়োজনে রোগী পরিবহনের ক্ষেত্রেও নানা সমস্যার সৃষ্টি হচ্ছে বলে জানিয়েছেন স্থানীয়রা। ভূজলোগীরা জানান, দীর্ঘদিনের এই দুর্ভোগের বিষয়টি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করতেই তারা সড়কের র্তে ধানের চারা লাগানোর মতো অনৈকন পদ্ধতিতে প্রতিবাদ করেছেন। স্থানীয় পথচারী মো. সামসুল হক বলেন, ‘সংস্কারের অভাবে পৌরসভার এ সড়কটি এখন চলাচলের অনুপযোগী হয়ে পড়েছে। ভাড়াচোর সড়কের কারণে প্রতিদিনই হেঁচ-বুড় দুর্ভোগ ঘটছে। আমরা চাই, সড়কের কারণে সঞ্চারিত সমস্যাখনে হোক। সড়ক দুটি দ্রুত সংস্কার হলে এলাকার মানুষের দীর্ঘদিনের দুর্ভোগ কমে আসবে।’ শৌলভর সড়কের সংস্কারের বিষয়ে বাটোরের ইউনিয়নের দায়িত্ব থাকা পৌরনদী উপজেলা এলজিডিভির উপসহকারী প্রকৌশলী অতিকুর রহমান মিয়া বলেন, ‘সড়কটি সরেজমিন পরিদর্শন করে শিগগিরই সংস্কারের জন্য প্রস্তাবনা পাঠানো হবে।’ অন্যদিকে, পৌরসভার

হালিপ্যাড সড়কের বিষয়ে পৌরনদী পৌরসভার নির্বাহী প্রকৌশলী আত্মস সালেক বলেন, ‘জনগুরুত্ব বিবেচনায় সড়কটি সংস্কারের জন্য দ্রুত পদক্ষেপ গ্রহণ করা হবে।’

মিয়ানমারে পাচারের সময় আঁট

আরও জানায়, জন্দ করা ইউট্রিয়া সারের বাজারমূল্য প্রায় ২ লাখ ৪০ হাজার টাকা। সারগুলো ট্রলারে করে অবৈধভাবে মিয়ানমারে পাচার করা হচ্ছে। কোস্ট গার্ডের উপস্থিতি টের পেয়ে চোরাকারবারিরা পালিয়ে যাওয়ায় এ ঘটনায় কাউকে আটক করা সম্ভব হয়নি। কোস্ট গার্ড দক্ষিণ (ভোলা) জোনের গণমধ্যম কর্মকর্তা লেফটেন্যান্ট কমান্ডার সাকির আলম সূজন জানান, জন্দ করা সার ও পাচারকাজে ব্যবহৃত স্টিলবন্ড ট্রলারের বিষয়ে পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণের কার্যক্রম প্রক্রিয়াধীন। তিনি আরও বলেন, পাচার ও চোরাচালান রোধে কোস্ট গার্ড ভবিষ্যতেও এ ধরনের অভিযান অব্যাহত রাখবে।

সক্ষমতার তুলনায় প্রতিদিন ১৫১৯

তিনটি রাষ্ট্রীয় গ্যাস উৎপাদনকারী প্রতিষ্ঠান–বাংলাদেশ গ্যাস ফিল্ডস কোম্পানি লিমিটেড (বিজিএফসিএল), নিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড (এসজিএফএল) ও বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন অ্যান্ড প্রোডাকশন কোম্পানি লিমিটেডের (বাপেক্স) মোট ৭৬টি উৎপাদনশীল কূপ রয়েছে। এসব কূপের সম্মিলিত উৎপাদন ক্ষমকতা ১ হাজার ১৩৯ এমএমসিএফডি। বর্তমানে উৎপাদন হচ্ছে ৭৩২ দশমিক ৪ এমএমসিএফডি। এর মধ্যে বিজিএফসিএলের ৪৪টি কূপের ক্ষমতা ৮৫১ এমএমসিএফডি। এসব কূপ থেকে গ্যাস উৎপাদন হচ্ছে ৪৮৪ দশমিক ১ এমএমসিএফডি। কোম্পানিটির সবচেয়ে বড় গ্যাসক্ষেত্র তিতাস থেকে দৈনিক ৩৩১ দশমিক ৫ এমএমসিএফডি গ্যাস উৎপাদন হচ্ছে। নিলেট গ্যাস ফিল্ডসের ১৭টি কূপের ক্ষমতা ১৪৩ এমএমসিএফডি। এর বিপরীতে উৎপাদন হচ্ছে ১৩৮ দশমিক ৮ এমএমসিএফডি। আর বাগেরের ১৫টি কূপের ক্ষমতা ১৪৫ এমএমসিএফডি, উৎপাদন হচ্ছে ১০৯ দশমিক ৬ এমএমসিএফডি। অন্যদিকে, আন্তর্জাতিক তেল ও গ্যাস কোম্পানিগুলো (এইওসি) ৪৩টি কূপের সম্মিলিত উৎপাদন ক্ষমকতা ১ হাজার ৬১৫ এমএমসিএফডি। এসব কূপ থেকে বর্তমানে ৯০০ দশমিক ২ এমএমসিএফডি গ্যাস উৎপাদন হচ্ছে। এছাড়া, অমদানি করা এলএনজি পুনর্যাসীকরণের মাধ্যমে দৈনিক ৭০২ দশমিক ১ এমএমসিএফডি গ্যাস জাতীয় গ্রিডে যুক্ত হচ্ছে। সব মিলিয়ে দেশে দৈনিক গ্যাস উৎপাদন ও সরবরাহের ক্ষমকতা ৩ হাজার ৮৫৪ এমএমসিএফডি। অর্থাৎ ক্ষমতার তুলনায় প্রতিদিন প্রায় ১ হাজার ৫১৯ এমএমসিএফডি কম গ্যাস উৎপাদন হচ্ছে।

যুদ্ধ শেষ হলেই বদলে যাবে মধ্যপ্রাচ্য

আফগণদের এক প্রতিবেদনে এমন তথ্য উঠে এসেছে। যুক্তরাষ্ট্রের কয়েকজন কর্মকর্তা ও সংশ্লিষ্ট ব্যক্তিরা বক্তব্যের ভিত্তিতে সংবাদমাধ্যমটি জানিয়েছে,ট্রাম্প প্রশাসন এখন যে কৌশল নিয়ে কাজ করছে, তার অন্যতম লক্ষ্য ইরানকে মোকাবিলায় মধ্যপ্রাচ্যে যুক্তরাষ্ট্রের নিয়ন্ত্রণের আরও কাছাকাছি আনা। এ ক্ষেত্রে ওয়াশিংটন নিরাপত্তার নিশ্চয়তাদাতা হিসেবে ভূমিকা রাখতে পারে। মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশের সঙ্গে যুক্তরাষ্ট্রের নিরাপত্তা সরযোগিতাভাকে আরও শক্তিশালী করে ইরানের প্রভাব মোকাবিলা করার পরিকল্পনা রয়েছে। তবে পরিকল্পনাটি এখনো চূড়ান্ত হয়নি। যুক্তরাষ্ট্রের বিভিন্ন সরকারি সংস্থা ও ট্রাম্পের জ্যেষ্ঠ উপদেষ্টারা এটি নিয়ে কাজ করছেন। ট্রাম্প প্রশাসনের পরিকল্পনার আরেকটি অঙ্গ মধ্যপ্রাচ্যের চলমান সংঘাত ও উত্তেজনা কমানো। এর মধ্যে গাজা নিয়ে ট্রাম্পের পরিকল্পনার পরবর্তী ধাপ বাস্তবায়নের উদ্যোগ থাকতে পারে। এ ছাড়া ইসরায়েল ও সিরিয়ার মধ্যে একটি নিরাপত্তা ব্যবস্থা নিয়ে আলোচনা এবং ইসরায়েল-লেবানন চুক্তি বাস্তবায়নের বিষয়ও পরিকল্পনায় রয়েছে বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। ট্রাম্প প্রশাসনের বড় লক্ষ্যলোের একটি আত্মহাম অ্যাকর্ডস আরও সম্প্রসাধণ করা। এর পাশাপাশি সৌদি আরব ও ইসরায়েলের মধ্যে সম্পর্ক স্বাভাবিক করার চুক্তি করানোর বিষয়টিও গুরুত্ব পাচ্ছে। সৌদি-ইসরায়েল চুক্তি হলে তা ট্রাম্প প্রশাসনের জন্য বড় কূটনৈতিক সাফল্য হতে পারে। বিশেষ করে ইরান যুদ্ধের পর মধ্যপ্রাচ্যে যুক্তরাষ্ট্রের নতুন কৌশলের একটি গুরুত্বপূর্ণ অর্জন হিসেবে এটিকে তুলে ধরা হতে পারে। আদ্যমী ২৭ অক্টোবর ইসরায়েল নির্বাচন হওয়ার কথা। এর কিছুদিন পর নভেম্বর মাসে যুক্তরাষ্ট্রেও মধ্যবর্তী নির্বাচন অনুষ্ঠিত হবে। ট্রাম্প প্রশাসন আশা করছে, ইসরায়েলের নির্বাচনের পর যে সরকার গঠিত হবে, তারা ওয়াশিংটনের নতুন মধ্যপ্রাচ্য কৌশলের সঙ্গে সহযোগিতা করবে। তবে ইসরায়েলের রাজনৈতিক পরিস্থিতি হুড়োহুড়াবে স্থির হওয়ার জন্য অপেক্ষা করতে চায় না ট্রাম্প প্রশাসন। আফগণদের সুরভোগ্য বলছে, নির্বাচনের পর যদি ইসরায়েলে রাজনৈতিক অচলাবস্থা তৈরি হয়, তারপরও ট্রাম্প পরিকল্পনা এগিয়ে নিতে পারেন। সাম্প্রতিক সংঘাতগুলোতে ট্রাম্প জ্যেষ্ঠ উপদেষ্টাদের সঙ্গে অন্তত দু’টি বৈঠকে এই কৌশল নিয়ে আলোচনা করেছেন। এসব বৈঠকে বিভিন্ন ধারণা গৃহস্থস্থাপন করা হয়েছে। তবে পরিকল্পনাটি চূড়ান্ত হতে আরও কয়েক সপ্তাহ সময় লাগতে পারে। প্রতিবেদনে এক সূত্রের উদ্ধৃতি দিয়ে বলা হয়েছে, পরিকল্পনাটি নিয়ে কাজ চলছে, তবে এখনো তা পুরোপুরি প্রস্তুত নয়। সূত্রের ভাষা অনুযায়ী, যুদ্ধের পর পুরো অঞ্চলে কীভাবে একটি সমর্থিত আঞ্চলিক কাঠামো তৈরি করা যায়, মূলত সেটিই পরিকল্পনার কেন্দ্রবিন্দু। তবে যুক্তরাষ্ট্রের সব মিত্র এই উদ্যোগে শেষ পর্যন্ত যুক্ত হবে কি না, তা এখনো স্পষ্ট নয়।

যুক্তরাষ্ট্রিকে আরও দ্রুত, কঠোর ও

অধিবেশনে বক্তব্য দেওয়ার সময় তিনি বলেন, ইরানের পক্ষ থেকে ‘সামনুপাতিক জবাব’ দেওয়ার সময় শেষ হয়েছে। সম্প্রতি মার্কিন ঘাটিতে ইরানের চালানো সামরিক অভিযানকে তিনি কেবল গুরু বলে উল্লেখ করেন। কালিবাফ বলেন, ‘যুক্তরাষ্ট্রিকে বুঝতে হবে, সামনুপাতিক জবাবের সময় শেষ হয়ে গেছে। এখন থেকে ইরানের সর্ষ ও নিরাপত্তার ওপর যে কোনো আক্রাসনের জবাব আরও দ্রুত, আরও কঠোর ও আরও যত্নগদায়ক হবে।’ ইরানের এই পার্লামেন্ট স্পিকার দাবি করেন, মার্কিন ঘাটিতে ইরানের হামলা ওয়াশিংটনকে চাপে ফেলবে। একই সঙ্গে তিনি অভিযোগ করেন, যুদ্ধক্ষেত্রের পরিস্থিতি ভিন্নভাবে তুলে ধরতে যুক্তরাষ্ট্র কুটিম বুদ্ধিমান ব্যবহার করে ছবি ও ভিডিও তৈরি করেছে। যুক্তরাষ্ট্র ও ইসরায়েল ফেব্রুয়ারিতে ইরানে হামলা চালানোর পর দুই দেশের মধ্যে নতুন করে সংঘাত শুরু হয়। এর জবাবে ইরান মধ্যপ্রাচ্যের বিভিন্ন স্থানে মার্কিন লক্ষ্যবস্তুতে ক্ষেপণাস্র ও ড্রোন হামলা চালায়। সংঘাত বন্ধে জুনে ইরান ও যুক্তরাষ্ট্র একটি সমঝোতা স্মারকে হই করে। পরিস্থিতি ও পরাতোরে মধ্যযুগীয় হওয়া ওই সমঝোতায় যুদ্ধবিবর্তির দিকে অগ্রসর হওয়া, হরমুজ প্রণালি পুনরায় খুলে দেওয়া এবং অর্থনৈতিক নিষেধাজ্ঞা নিয়ে পদক্ষেপ নেওয়ার কথা ছিল। তবে পরে দুই দেশই একে অন্যের বিরুদ্ধে সমঝোতার প্রতিশ্রুতি বাস্তবায়ন না করার অভিযোগ তোলে। নিষেধাজ্ঞা ও হরমুজ প্রণালি দিয়ে নৌ চলাচল নিয়েও বিরোধ অব্যাহত রয়েছে। সংঘাতের মধ্যে ইরান মধ্যপ্রাচ্যে মার্কিন সামরিক স্থাপনায় একমধিক ক্ষেপণাস্র ও ড্রোন হামলা চালিয়েছে। অন্যদিকে যুক্তরাষ্ট্রও ইরানের বিভিন্ন লক্ষ্যবস্তুতে সামরিক অভিযান অব্যাহত রেখেছে।

যাত্রীবাহী বাস খাদে পড়ে ৪ যাত্রী আহত

বোরহানউদ্দিন প্রতিনিধি

জেলার বোরহানউদ্দিনে অটোরিকশাকে পাশ কাটিয়ে যেতে গিয়ে দিঘদলী এটোরপ্রাইজের একটি যাত্রীবাহী বাস নিয়ন্ত্রণ হারিয়ে সড়কের পাশে উল্টে গেছে। এতে বাসে থাকা চার যাত্রী আহত হয়েছেন। রবিবার (৬ সেপ্টেম্বর) সকালে উপজেলার মানিকা ইউনিয়নের মিলন বাজার এলাকায় ডোলা-চরফাশন আঞ্চলিক মহাসড়কে এ দুর্ঘটনা ঘটে। ঘটনাস্থলে গিয়ে আহত চারজনকে উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পাঠায়। বোরহানউদ্দিন ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার জসিম উদ্দিন বিষয়টি নিশ্চিত করে বলেন, খবর পেয়ে ফায়ার সার্ভিসের একটি দল ঘটনাস্থলে পৌঁছে আহত চারজনকে উদ্ধার করে হাসপাতালে পাঠিয়েছে।

বুদ্ধিপ্রতিবন্ধী শিশুকে ধর্ষন

সূত্রে আরও জানা গেছে, পরে শিশুর বাবা ৯৯৯ নম্বরে ফোন করলে পুলিশ ঘটনাস্থলে যায়। পরে বরিশাল বন্দর থানা পুলিশ অভিযান চালিয়ে গুজ্রবার দিবাগত রাতে অভিযুক্ত বেঙ্গালকে গ্রেফতার করে। পরে তাকে শনিবার বিকেলে আদালতের মাধ্যমে জেলহাজতে প্রেরণ করা হয়েছে।

৪৩৪১ হাজি ফেরত পাচ্ছেন প্রায় ৫ কোটি টাকা

শীর্টনখোলা ডেম্ভ

চলতি বছর সরকারি ব্যবস্থাপনায় হজে যাওয়া ৪ হাজার ৩৪১ জন হাজিকে ৪ কোটি ৮৭ লাখ ২৩ হাজার ১৪ টাকা ফেরত দিচ্ছে সরকার। বাড়িভাড়া ও সার্ভিস চার্জের খরচ কম হওয়ায় তাঁদের এই টাকা ফেরত দেওয়া হচ্ছে। একজন হাজি সর্বোচ্চ ১ লাখ ৬৪ হাজার ১৯০ টাকা ফেরত পাবেন। রোববার ধর্মবিষয়ক মন্ত্রী কাজী শাহ মোফাজ্জল হোসাইন কায়কোবাদ পরিচালনে হাজির সম্মেলনে এসব তথ্য জানান। এই অনুষ্ঠানে ১০ জন হাজির হাতে রিফাউন্ড চেক ভুলে দেওয়া হয়। অন্য হাজিদের টাকা ইলেক্ট্রনিক ফান্ড ট্রান্সফারের মাধ্যমে তাঁদের ব্যাংক হিসাবে পাঠানো হবে। সংবাদ সম্মেলনে জানানো হয়, হজ প্যাকেজে সৌদি আরবে বাড়িভাড়ার জন্য নির্ধারিত বরাদ্দের চেয়ে কমে ভাড়া নেওয়া এবং সার্ভিস চার্জ কমানো এই অর্থ ফেরত দেওয়া হয়েছে। সরকারি মাধ্যমের ৪ হাজার ৩৪১ জন হাজি ৪ কোটি ৮৭ লাখ ২৩ হাজার ১৪ টাকা সরাসরি তাঁদের ব্যাংক অ্যাকাউন্টে ফেরত পাবেন। ২৩ জন হাজির চিকিৎসা ব্যয় তাঁদের স্বাস্থ্যবিমার চেয়ে বেশি হওয়ায় তারা এই অর্থ ফেরত পাবেন না। ধর্মমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রীর বিশেষ নির্দেশনায় ২০২৬ সালের জম্মায্যাদিনের বিমানভাড়া আগের বছরের থেকে ২৪ হাজার ৮৩০ টাকা কমানো হয়েছিল। ২০২৭ সালের হজের বিমানভাড়া আরও কমিয়ে মাত্র ১ লাখ ৩০ হাজার টাকা নির্ধারণ করা হয়েছে। সংবাদ সম্মেলনে জানানো হয়, রিফান্ড পাঠাতে হাজিদের ডেবিট বা ক্রেডিট কার্ডের নম্বর বা মোবাইল ব্যাংকিংয়ের পিন ও ওটিপির প্রয়োজন নেই। এসব চেয়ে কেউ ফোন করলে কেউ যাতে প্রতারণা না হন। প্রধানমন্ত্রী মোহাম্মদ শামীম কায়সার, ধর্মসচিব মুন্সী আলাউদ্দিন আল আজাদ সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন।

ষড়যন্ত্রের পথ বেছে নিয়েছে বিরোধী দল: রিজভী

যুক্তরাষ্ট্রকে আরও দ্রুত, কঠোর ও যন্ত্রণাদায়ক জবাব দেওয়া হবে: ইরান

কীর্তনখোলা ডেস্ক

ইরানের স্বার্থ বা নিরাপত্তার ওপর নতুন করে কোনো হামলা হলে যুক্তরাষ্ট্রকে আরও দ্রুত, কঠোর ও যন্ত্রণাদায়ক জবাব দেওয়া হবে বলে হুঁশিয়ারি দিয়েছেন দেশটির পার্লামেন্টের স্পিকার মোহাম্মাদ বাখের কালিবাফ। রোববার পার্লামেন্টের ৩ এর পাতায় দেখুন



সড়ক যেন ধানের ক্ষেত! গর্তে ধানের চারা লাগিয়ে প্রতিবাদ

গৌরনদী প্রতিনিধি

বরিশালের গৌরনদীতে দীর্ঘদিন ধরে সংস্কার না হওয়া দুটি সড়কের বেহাল দশার প্রতিবাদে সড়কের গর্তে ধানের চারা লাগিয়েছেন স্থানীয় বাসিন্দারা। রোববার সকালে ঢাকা-বরিশাল মহাসড়কের সংযোগ সড়ক গৌরনদী পৌরসভার একমাত্র

জনগুরুত্বপূর্ণ হ্যাণ্ডিপ্যাড সড়ক এবং বাটাজোর ইউনিয়নের শৌলকর সড়কের বিভিন্ন স্থানে এ অভিনব প্রতিবাদ করা হয়। সড়কের গর্ত ও কাদায় ধানের চারা লাগিয়ে প্রতিবাদের বিষয়টি ছড়িয়ে পড়লে এলাকায় ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়। স্থানীয় সূত্রে জানা গেছে, ঢাকা-বরিশাল

মহাসড়কের সঙ্গে সংযোগকারী গৌরনদী পৌরসভার গুরুত্বপূর্ণ হ্যাণ্ডিপ্যাড সড়ক এবং বাটাজোর ইউনিয়নের শৌলকর সড়কের বিভিন্ন স্থানে দীর্ঘদিন ধরে ছোট-বড় অসংখ্য গর্তের সৃষ্টি হয়েছে। প্রায় সোয়া কিলোমিটার সড়কের অধিকাংশ স্থানের কার্পেটিং উঠে গিয়ে ৩ এর পাতায় দেখুন

বালকাঠিতে

ইয়াবাসহ চাল

ব্যবসায়ী আটক

বালকাঠি প্রতিনিধি

বালকাঠিতে ১৩ পিস ইয়াবা ট্যাবলেটসহ সজীব সাহা নামে এক চাল ব্যবসায়ীকে আটক করেছে জেলা গোয়েন্দা পুলিশ। শনিবার (৫ সেপ্টেম্বর) রাত সাড়ে ৮টার দিকে পৌর এলাকার কলেজ রোডের জাফর ম্যানশনের ভূতীয় তলার একটি কক্ষ থেকে তাকে আটক করা হয়। জেলা পুলিশের গোয়েন্দা শাখা সূত্রে জানা গেছে, শনিবার রাতে বিশেষ অভিযান চলাকালে গোপন ৩ এর পাতায় দেখুন

মধ্যপ্রাচ্য থেকে তেল

রঙানিতে বড় ধস, কমেছে ৩৯ শতাংশ

কীর্তনখোলা ডেস্ক

বৈশ্বিক বাণিজ্যের অন্যতম গুরুত্বপূর্ণ রুট হরমুজ প্রণালি কার্যত বন্ধ থাকায় মধ্যপ্রাচ্য থেকে তেল রঙানিতে বড় ধাক্কা লেগেছে। যুদ্ধ গুল্লার আগের সময়ের তুলনায় গত আগস্টে অঞ্চলটি থেকে অপরিশোধিত তেল রঙানি কমেছে ৩৯ শতাংশ। এর মধ্যেই যুক্তরাষ্ট্র ও ইরানের সংঘাত নতুন করে গুরু হওয়ায় বিশ্ববাজারে তেলের দামও বেড়েছে। গত এক সপ্তাহে ৩ এর পাতায় দেখুন

ইসলাম ও প্রাচীন শিক্ষার অপর সমন্বয়

লুৎফুর রহমান আলিম (ক্যাডেট) মাদরাসা

লুৎফুর রহমান সড়ক, নতুল্লাবাদ, বরিশাল। ২০২৬ শিক্ষাবর্ষে

আবাসিক অনাবাসিক ডে-কোয়ার

দাখিল A+ প্রাপ্তদের জন্য

আকর্ষণীয় সুযোগ-সুবিধা রয়েছে।

যোগাযোগ: ০১৭১২-৯৫১৪২২, ০১৭১১৮৮৭১৮৮, ০১৭১১-৭০২২৫৭, ০১৭১৪৪৫১১১৪

মাদকাসক্তি ও মানসিক রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে

নিউ লাইফ

মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড

যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।

০১৭১৩-৯৫০৯৪১

০১৭১৩-১৬৯৮২৮

কীর্তনখোলা

আত্মত্যাগী প্রতিদিন

বরিশাল ৯ সোমবার ৯ ০৭ সেপ্টেম্বর ২০২৬ ৯ ২৪ ভাদ্র ১৪৩৩

সক্ষমতার তুলনায় প্রতিদিন ১৫১৯

মিলিয়ন ঘনফুট কম গ্যাস উৎপাদন

কীর্তনখোলা ডেস্ক

দেশে গ্যাসক্ষেত্র ও আমদানিকৃত এলএনজি মিলিয়ে দৈনিক গ্যাস উৎপাদন ও সরবরাহের সক্ষমতা রয়েছে ৩ হাজার ৮৫৪ মিলিয়ন ঘনফুট (এমএমসিএফডি)। এর বিপরীতে বর্তমানে উৎপাদন হচ্ছে ২ হাজার ৩৩৪ দশমিক ৭

এমএমসিএফডি।

সক্ষমতার তুলনায় প্রতিদিন প্রায় ১৫১৯ এমএমসিএফডি কম গ্যাস উৎপাদন হচ্ছে। রোববার (৬ সেপ্টেম্বর) বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশনের (পেট্রোবাংলা) দৈনিক গ্যাস উৎপাদন

প্রতিবেদনে এ তথ্য উঠে এসেছে। পেট্রোবাংলার সর্বশেষ দৈনিক প্রতিবেদনে ৪ সেপ্টেম্বর সকাল ৮টা থেকে ৫ সেপ্টেম্বর সকাল ৮টা পর্যন্ত গ্যাস উৎপাদনের এই হিসাব দেওয়া হয়েছে। প্রতিবেদন অনুযায়ী, দেশের ৩ এর পাতায় দেখুন

মাছের সংকট, বাড়ছে ঋণের বোঝা জেলের

চরক্ষাশান প্রতিনিধি

ভোমার চরক্ষাশানের জেলেদের জালে নদী ও সাগরে একসময় ধরা পড়ত প্রচুর মাছ। মাছ বিক্রি করেই চলত হাজারো জেলে পরিবারের সংসার। তবে সময়ের সঙ্গে বদলে গেছে সেই চিত্র। নদী ও সাগরে কাল্পিত মাছায় মাছ না পাওয়ায় কমেছে



কচ্ছপিয়া, মুজিবনগর, নুরাবাদ, চর মাত্রাজ, জেলেদের আয়। অথচ ট্রলার, জাল, জ্বালানি, হাজারীগঞ্জ, জাহানপুর ৩ এর পাতায় দেখুন



মিয়ানমারে পাচারের সময় আট হাজার কেজি ইউরিয়া সার জব্দ

ভোলা প্রতিনিধি

অবৈধভাবে মিয়ানমারে পাচারের সময় ভোলায় ১৬০ বস্তা (৮ হাজার কেজি) ইউরিয়া সারসহ একটি স্টিলবডি ট্রলার জব্দ করেছে কোস্ট গার্ড। শনিবার (৫ সেপ্টেম্বর) বিকেলে জেলার তজুমদ্দিন উপজেলার মুক্তিযোদ্ধা বাজারসংলগ্ন মেঘনা নদীতে অভিযান চালিয়ে এসব সার জব্দ করা হয়। রোববার (৬ সেপ্টেম্বর) সকালে কোস্ট গার্ড দক্ষিণ জোনের গণমাধ্যম কর্মকর্তা লেফটেন্যান্ট কমান্ডার সাবির আলম সুজন এসব তথ্য নিশ্চিত করেন। কোস্ট গার্ড জানায়, শনিবার বেলা ৩টার দিকে তজুমদ্দিন উপজেলার মুক্তিযোদ্ধা বাজারসংলগ্ন মেঘনা নদীতে একটি স্টিলবডি ট্রলারে বিপুল পরিমাণ ইউরিয়া সার অবৈধভাবে মিয়ানমারে পাচার করা হচ্ছে—এমন গোপন সংবাদের ভিত্তিতে কোস্ট গার্ড তজুমদ্দিন স্টেশনের সদস্যরা অভিযান চালান। অভিযানের সময় ওই এলাকায় সন্দেহজনক একটি স্টিলবডি ট্রলারে তল্লাশি চালানো হয়। এ সময় মিয়ানমারে পাচারের উদ্দেশ্যে বহন করা ১৬০ বস্তা (৮ হাজার কেজি) ইউরিয়া সার এবং পাচারকাজে ব্যবহৃত ট্রলারটি জব্দ করা হয়। কোস্ট গার্ড ৩ এর পাতায় দেখুন



উজিরপুরে বিএনপির দুই নেতার পদ স্থগিত

উজিরপুর প্রতিনিধি

দলীয় শৃঙ্খলাভঙ্গ ও দলবিরোধী কর্মকাণ্ডে জড়িত থাকাসহ বিভিন্ন অভিযোগে বরিশালের উজিরপুর উপজেলার গুটিয়া ইউনিয়ন বিএনপির দুই নেতার পদ স্থগিত করা হয়েছে। রোববার (৬ সেপ্টেম্বর) উজিরপুর উপজেলা বিএনপির সভাপতি এস. সরফুদ্দিন আহমেদ সাঈ ও সাধারণ সম্পাদক মো. হুমায়ুন খান স্বাক্ষরিত প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য নিশ্চিত হওয়া গেছে। তাদের বিরুদ্ধে সাংগঠনিক শিষ্টাচার পরিপন্থী আচরণ, সিনিয়র নেতাদের নিয়ে অশালীন মন্তব্য করারও অভিযোগ রয়েছে। পদ স্থগিত হওয়া নেতারা হলেন—গুটিয়া ইউনিয়ন বিএনপির সহসাধারণ সম্পাদক মো. কামাল মুন্সি ৩ এর পাতায় দেখুন

বুদ্ধিপ্রতিবন্ধী শিশুকে ধর্ষন বিএনপি কর্মী কারাগারে

কীর্তনখোলা রিপোর্ট

১২ বছরের এক বুদ্ধিপ্রতিবন্ধী শিশুকে ধর্ষণের পর গোসল করিয়ে ২০ টাকা দিয়ে বাড়ি পাঠানোর অভিযোগে মামলা দায়ের করা হয়েছে। ওই মামলায় অভিযুক্ত আসামি সক্রিয় বিএনপি কর্মী বেদ্রালা প্যাদাকে (৪১) গ্রেপ্তারের পর আদালতের মাধ্যমে জেলহাজতে প্রেরণ করা হয়েছে। রোববার (৬ সেপ্টেম্বর) দুপুরে তথ্যের সত্যতা নিশ্চিত করেছেন বরিশাল বন্দর থানার ওসি ইসমাঈল হোসেন। এজাহারে জানা গেছে, গত ৪ সেপ্টেম্বর দুপুরে শিঙিটি বাড়ির পাশের নদীর ঘাটে গোসল করতে যায়। এ সময় বেদ্রালা তাকে ফুসলিয়ে নৌকায় করে নদীর

ওপারে একটি ইটভাটার নিয়ে ধর্ষণ করে। পরে শিঙিটিকে গোসল করিয়ে ২০ টাকা দিয়ে বাড়ি পাঠিয়ে দেওয়া হয়। শিঙিটি বাড়িতে ফিরে বিষয়টি তার পরিবারের কাছে জানায়। ৩ এর পাতায় দেখুন



গাছ কাটতে গিয়ে ৩০ ফুট ওপর থেকে পড়ে দিনমজুরের মৃত্যু

ভোলা প্রতিনিধি

ভোলায় বাড়ির পাশে রেইনট্রি গাছ ছাটাই করতে গিয়ে প্রায় ৩০ ফুট ওপর থেকে পড়ে ওয়ালী উল্লাহ (৫৫) নামে এক ব্যক্তির মৃত্যু হয়েছে। রোববার (৬ সেপ্টেম্বর) বেলা সাড়ে ১১টার দিকে ভোলা সদর উপজেলার পূর্ব ইলিশ ইউনিয়নের ৬ নম্বর ওয়ার্ডের চর আনন্দ পাট-৩ গ্রামে এ দুর্ঘটনা ঘটে। নিহত ওয়ালী উল্লাহ ওই গ্রামের বাসিন্দা। তার বাবার নাম নূর মোহাম্মদ। মৃত্যুকালে তিনি ষ্ঠী, দুই ছেলে ও এক মেয়েসহ স্বজনদের রেখে গেছেন। নিহতের স্বজনরা জানান, পরিবারের একমাত্র উপার্জনক্ষম ব্যক্তি ওয়ালী উল্লাহ সকালে জীবিকার তাগিদে একই এলাকায় হোসেন ব্যাপারীর বাড়িতে দিনমজুরি ভিত্তিতে গাছ কাটার কাজ নেন। কাজের একপর্যায়ে বড় একটি রেইনট্রি গাছের ডাল ছাটাই করতে প্রায় ৩০ ফুট ৩ এর পাতায় দেখুন

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয়ঃ সৌরভ লজ, গোড়াটান দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com